

**জয়িতা ফাউন্ডেশন**  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
কনকর্ড রয়্যাল কোর্ট ভবন (৬ষ্ঠ তলা) ২৭৫/জি  
রোড নং-২৭ (পুরাতন) ধানমন্ডি আ/এ ,ঢাকা-১২০৫  
[www.joyeeta.gov.bd](http://www.joyeeta.gov.bd)



স্মারক নংঃ জঃ ফাঃ/ উদ্যোগঃ অন্বেষণ/২২৭/২০১৯-১৪৭৭

তারিখঃ ১৩/০৬/২০২১

**জয়িতা ফাউন্ডেশন উদ্যোক্তা নিবন্ধন বিজ্ঞপ্তি**

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত জয়িতা ফাউন্ডেশন ব্যক্তি/সমিতি পর্যায়ে নারী উদ্যোক্তাদের নিবন্ধন কার্যক্রম শুরু করেছে। নিবিড় পরিচর্যার মাধ্যমে পর্যায়ক্রমে দেশব্যাপী সফল নারী উদ্যোক্তা গড়ে তুলে তাদের মাধ্যমে একটি আলাদা বাজার ব্যবস্থা (বিপণন নেটওয়ার্ক) ও ভ্যালু চেইন (সাপ্লাই চেইন) গড়ে তোলা জয়িতা ফাউন্ডেশনের মূল উদ্দেশ্য। জয়িতা ফাউন্ডেশন নারীর অর্থনৈতিক ক্ষমতায়নে ব্যবসায়িক উদ্যোগের মাধ্যমে নারী উদ্যোক্তাকে প্রয়োজনীয় জ্ঞান-দক্ষতা প্রদান করে থাকে। দেশব্যাপী একটি নারীবান্ধব আলাদা বিপণন নেটওয়ার্ক গড়ে তোলার মাধ্যমে নতুন নতুন ব্যবসার ক্ষেত্র উদ্ভাবন ও উদ্ভাবিত ব্যবসাসমূহে নারীদেরকে সম্পৃক্ত করতে নিরন্তর সচেষ্ট আছে জয়িতা ফাউন্ডেশন। এরই ধারাবাহিকতায় জয়িতা ফাউন্ডেশন নিম্নোক্ত দুইটি ক্যাটাগরিতে নারী উদ্যোক্তাদের তথ্য সংগ্রহ ও সংরক্ষণের ডেটাবেজ তৈরির লক্ষ্যে নিবন্ধন শুরু করেছে;

**ক্যাটাগরি**

- ব্যক্তি উদ্যোক্তা
- সমিতি উদ্যোক্তা

নিবন্ধন বিষয়ে আরও জানতে ও নিবন্ধনের ফর্ম পেতে জয়িতা ফাউন্ডেশন কার্যালয়ে যোগাযোগ করুন অথবা ভিজিট করুন ওয়েবসাইটঃ [www.joyeeta.gov.bd](http://www.joyeeta.gov.bd) নিবন্ধন ফর্ম পূরণ ও প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে জয়িতা ফাউন্ডেশন কার্যালয়ে সরাসরি বা ডাকযোগে প্রেরণ করতে হবে অথবা স্ক্যান করে ([jfreg2021@gmail.com](mailto:jfreg2021@gmail.com)) ই-মেইলে প্রেরণ করতে হবে।

মুহাম্মাদ আরিফুল ইসলাম  
পরিচালক (উপসচিব)  
জয়িতা ফাউন্ডেশন